

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com



স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/৩০২/১(৫১৭)

তারিখ: ০৬.১০.২০২০ খ্রি.

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির তালিকাভুক্ত শিক্ষার্থীর একাউন্ট খোলা এবং HSP MIS এ তথ্য অন্তর্ভুক্তি (এন্ট্রি) প্রসঙ্গে।

সূত্র:

(১) স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/২৪০(৪৯২)/১(৫০০) ও তারিখ: ২১.০৭.২০২০খ্রি.

(২) স্মারক নং-এসইডিপি/এইচএসপি/উমাউ/৩৯/২০২০/২৩৭(৪৮২) ও তারিখ: ১৯.০৭.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা এবং শিক্ষার্থীর তালিকা HSP MIS এ অন্তর্ভুক্তির বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

ক) শিক্ষার্থীর একাউন্ট খোলার নিয়মাবলী:

১। নির্বাচিত শিক্ষার্থী উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে পছন্দের যে কোন অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট)/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করতে পারবে। অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) ব্যবহারের ক্ষেত্রে স্কুল ব্যাংকিং নীতিমালা অনুসারে শিক্ষার্থী/শিক্ষার্থী ও অভিভাবকের যৌথনামে একাউন্ট খুলতে হবে।

২। উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অনলাইন ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে এবং উক্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে।

৩। ইতোপূর্বে পিতা/মাতার নামে জাতীয় পরিচয়পত্র দিয়ে কোন বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা থাকলে নতুন করে একাউন্ট খোলার প্রয়োজন নেই। উক্ত একাউন্ট শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে। তবে একাউন্টধারীর নাম হিসাবে শিক্ষার্থীর নাম লিখতে হবে।

৪। একই পিতা/মাতার একাধিক (২/৩জন) সন্তান উপবৃত্তিযোগ্য হলে সেক্ষেত্রে পিতার জাতীয় পরিচয়পত্র, মাতার জাতীয় পরিচয়পত্র দিয়ে পৃথক একাউন্ট খুলতে হবে। এছাড়া নির্বাচিত শিক্ষার্থীর পিতা/মাতার একই জাতীয় পরিচয়পত্র দিয়ে ভিন্ন ভিন্ন মোবাইল সার্ভিস প্রোভাইডার (বিকাশ/রকেট/শিওরক্যাশ/নগদ ইত্যাদি) এর একাউন্ট খোলা যাবে এবং ভিন্ন ভিন্ন ব্যাংকে অনলাইন ব্যাংক একাউন্ট খুলে ব্যবহার করা যাবে।

৫। HSP MIS এ প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর এবং সংশ্লিষ্ট একাউন্টের জাতীয় পরিচয়পত্রের নম্বর একই হতে হবে। ভিন্ন জাতীয় পরিচয়পত্রের নাম্বার হলে উপবৃত্তির জন্য বাতিল বলে গন্য হবে।

খ) HSP MIS এ তথ্য এন্ট্রিকরণ পদ্ধতি:

১। কর্মসূচির আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ সালে ৬ষ্ঠ এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য HSP MIS এর অনলাইন সফটওয়্যার লিংকে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ০৮/১০/২০২০ তারিখ থেকে ০৭/১১/২০২০ তারিখে মধ্যে এন্ট্রি করতে হবে। এন্ট্রির শেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে প্রথম থেকেই এন্ট্রি কার্যক্রম শুরু করতে হবে। নতুবা শেষ পর্যায়ে সার্ভারে অতিরিক্ত চাপের ফলে কাজে বিঘ্ন সৃষ্টি হতে পারে।

২। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ৯ম শ্রেণিতে ভর্তি হলে কেবলমাত্র উক্ত শিক্ষার্থীর তথ্য HSP MIS এ এন্ট্রি করতে হবে।

৩। শিক্ষার্থীর ইউআইডি (UID) নম্বর হিসাবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ব্যবহার করতে হবে।

৪। HSP MIS এ শিক্ষার্থীর সঠিক তথ্য এন্ট্রিপূর্বক শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের নাম এবং জাতীয় পরিচয়পত্র নম্বর এন্ট্রি করতে হবে।

